

সঘন ঘন ছাইল গগন ঘনাইয়া,
 স্তিমিত দশ দিশি,
 স্তম্ভিত কানন,
 সব চরাচর আকুল—
 কি হবে কে জানে,
 ঘোরা রজনী,
 দিক-ললনা ভয়বিভলা ।
 চমকে চমকে সহসা দিক উজলি
 চকিতে চকিতে মাতি ছুটিল বিজলী
 থরহর চরাচর পলকে ঝলকিয়ে ।
 ঘোর তিমির ছায় গগন মেদিনী,
 গুরু গুরু নীরদগরজনে
 স্তব্ধ আঁধার ঘুমাইছে—
 সহসা উঠিল জেগে প্রচণ্ড সমীরণ,
 কড় কড় বাজ !

Parjaay: Kaal-Mrigaya, Taal: Tritaal, Raag: Mishra Malhar
 Visit www.geetabitan.com for notation and other detail